

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৮৩.১৬.০০৩.২৪-৩৮৯

তারিখ : ১৮ ভাদ্র ১৪৩১
০২ সেপ্টেম্বর ২০২৪

প্রজ্ঞাপন

সরকারি কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে সকল সরকারি কর্মচারীকে সম্পদ বিবরণী দাখিল করতে নির্দেশ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো-

(ক) কমিটির গঠনঃ

(১) সচিব, দুর্নীতি দমন কমিশন	সভাপতি
(২) মন্ত্রিপরিষদ বিভাগ-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
(৩) জাতীয় রাজস্ব বোর্ড-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
(৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
(৫) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
(৬) অতিরিক্ত সচিব, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য সচিব


(খ) কমিটির কার্যপরিধিঃ

(১) সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিলের নিমিত্ত ফরমেট প্রণয়ন

(গ) উক্ত কমিটি আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পদ বিবরণী দাখিলের ফরমেট প্রনয়ণসহ প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



আমেনা বেগম ০২.০৯.২০২৪
অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত)
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর-০৫.০০.০০০০.১৮৩.১৬.০০৩.২৪-৩৮৯

তারিখ : ১৮ ভাদ্র ১৪৩১
০২ সেপ্টেম্বর ২০২৪

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা;
৩. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা;
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৬. অতিরিক্ত সচিব, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. চেয়ারম্যান-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০(বিশ) কপি এ শাখায় প্রেরণের অনুরোধসহ);
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়(এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
১১. অফিস কপি।


আমেনা বেগম ০২.০৯.২০২৪
অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত)